



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
চট্টগ্রাম




স্মারক নং: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯(অংশ-১).৫৫০

তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক আগামীকাল ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২৩' উদযাপন উপলক্ষে চট্টগ্রাম জেলার বিভিন্ন স্কুলের শিশু-কিশোরদের জন্য ছড়া ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। বর্ণিত প্রতিযোগিতা নির্মাণাধীন 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পের লাইব্রেরি ভবনে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও আগামী ২৮ অক্টোবর ২০২৩ মাননীয় প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফর উপলক্ষে উদ্বোধনযোগ্য/ভিত্তিপ্রস্তর স্থাপনযোগ্য উন্নয়ন প্রকল্পের তালিকায় 'চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন' শীর্ষক প্রকল্পটি অন্তর্ভুক্ত হওয়ায় প্রকল্প চক্রের বিশাল কর্মযজ্ঞ চলমান রয়েছে। বিধায় চলমান প্রকল্পের সার্বিক পরিস্থিতিতে লাইব্রেরী বা প্রকল্প এলাকায় শিশু কিশোরদের সমাগম অত্যন্ত নিরাপত্তা ঝুঁকিপূর্ণ।

প্রেক্ষিতে ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২৩' উদযাপন উপলক্ষে চিত্রাংকন ও উপস্থিত ছড়া লেখা প্রতিযোগিতার অনুষ্ঠানটি স্থগিত করা হলো। এর পরবর্তী তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।


২৭/১০/২০২৩

(ডক্টর মোহাম্মদ হারুন-অর-রশীদ)

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২৩৩-৩৩৮৮৭০০